

২৫

কৃষি বিশ্ববিদ্যালয়ে নয়া উপাচার্যের দায়িত্ব গ্রহণ

“যে কোন মূল্যে শিক্ষাসনের পবিত্রতা রক্ষা করতে হবে”

ময়মনসিংহ, ৪ঠা সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নব নিযুক্ত উপাচার্য প্রফেসর ডঃ শাহ মোহাম্মদ ফারুক বিশ্ববিদ্যালয়কে মুক্তবুদ্ধি ও জ্ঞান চর্চার আদর্শ কেন্দ্র হিসেবে গড়ে তোলার প্রত্যয় নিয়ে

সকলকে একসাথে কাজ করার আহ্বান জানান।

গত ৩০শে আগস্ট কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের এক সমাবেশে তিনি এ আহ্বান জানান।

তিনি বলেন, যে কোন মূল্যে শিক্ষাসনের পবিত্রতা রক্ষা করতে হবে। যাতে করে কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি কোনভাবেই ক্ষুণ্ণ না হয়।

তিনি আরও বলেন, বাংলাদেশের কৃষি উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন কার্যক্রমকে স্বার্থক ও ফলপ্রসূ করার লক্ষ্যে কৃষি বিশ্ববিদ্যালয়কেই অগ্রণী ভূমিকা নিতে হবে। এ জন্য একটি কার্যকর জবাবদিহিতা ও পরিবীক্ষণ ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও প্রশাসনে গতিময়তা সঞ্চয়ের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন।

নবনিযুক্ত উপাচার্য বিশ্ববিদ্যালয়ে সুনাম অক্ষুণ্ণ রাখতে সকল মহলের নিকট সক্রিয় সহযোগিতা কামনা করেন।

উক্ত সমাবেশে নতুন উপাচার্যকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আব্দুল হান্নান খান।